দৈনিক সংবাদ

76

তারিখ AUG. 26 [illegible]
পৃষ্ঠা ৮ কলাম ১১

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের কাছে একটি আবেদন

আগামী অক্টোবর মাসে অনুষ্ঠিত হতে যাচ্ছে ডিগ্রি (পাস) '৯৯ পরীক্ষা। এতে রাষ্ট্রবিজ্ঞান ও অর্থনীতি- দুটি গুরুত্বপূর্ণ ও কঠিন বিষয়। গত ডিগ্রি পরীক্ষায় এ দুটি বিষয়ের ছয়টি পত্রের পরীক্ষা কোন বিরতি না দিয়েই পর পর গ্রহণ করা হয়েছে। কিন্তু এতে করে বিএসএস. পরীক্ষার্থী যারা রাষ্ট্রবিজ্ঞান ও অর্থনীতি এ দুটো বিষয় একই সঙ্গে নিয়েছে তাদের বিরাট অসুবিধার সম্মুখীন হতে হয়। এই দুটো বিষয়ের ছয়পত্রের পরীক্ষা পর পর দিতে গিয়ে প্রবল মানসিক চাপের মধ্যে পড়তে হয়। এবারও অনেক পরীক্ষার্থী এ দুটো বিষয় এক সঙ্গে নিয়েছে। তাই জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আবেদন, আসন্ন ডিগ্রি পরীক্ষায় এ দুটো বিষয়ের পরীক্ষার মাঝে যুক্তিসঙ্গত বিরতি দিয়ে পরীক্ষা গ্রহণ করেন, যাতে করে পরীক্ষার্থীরা মানসিক চাপমুক্ত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে।

বিপুল চৌধুরী
ডিগ্রি পরীক্ষার্থী
সরকারি সিটি কলেজ
চট্টগ্রাম